

আজি বসন্ত জাগ্রত দ্বারে ।  
তব অবগুণ্ঠিত কুণ্ঠিত জীবনে  
কোরো না বিড়ম্বিত তারে ॥  
আজি খুলিয়ো হৃদয়দল খুলিয়ো,  
আজি ভুলিয়ো আপন-পর ভুলিয়ো,  
এই সঙ্গীতমুখরিত গগনে  
তব গন্ধ তরঙ্গিয়া তুলিয়ো ।  
এই বাহির ভুবনে দিশা হারায়ে  
দিয়ো ছড়ায়ে মাধুরী ভারে ভারে ॥  
একি নিবিড় বেদনা বনমাঝে  
আজি পল্লবে পল্লবে বাজে -  
দূরে গগনে কাহার পথ চাহিয়া  
আজি ব্যাকুল বসুন্ধরা সাজে ।  
মোর পরানে দখিনবায়ু লাগিছে,  
কারে দ্বারে দ্বারে কর হানি মাগিছে -  
এই সৌরভবিহ্বল রজনী  
কার চরণে ধরণীতলে জাগিছে ।  
ওগো সুন্দর, বল্লভ, কান্ত,  
তব গম্ভীর আহ্বান করে ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Tritaal, Raag: Bahaar  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail